দৈনিক জনকণ্ঠ

২২

তারিখ 12 DEC 1998

পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাবি শিক্ষক-সমিতির নির্বাচন ॥ গ্রুপিং লবিং তুঙ্গে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী ৩০ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনকে কেন্দ্র করে শিক্ষক রাজনীতি এখন তুঙ্গে। নির্বাচনে সরকার সমর্থক শিক্ষক গোষ্ঠীর 'নীল দল' এবং বিএনপি-জামায়াত সমর্থক শিক্ষকগোষ্ঠী দলীয় মনোনয়নের জন্য সম্ভাব্য সব ধরনের গ্রুপিং-লবিং চালাচ্ছে।

নীল দলের প্যানেল এখনও চূড়ান্ত করা হয়নি। তবে আগামী দু'একদিনের মধ্যে প্যানেল চূড়ান্ত করা হবে বলে নীল দলের একজন নেতা জানিয়েছেন। সিন্ডিকেট নির্বাচনে নীল দলের প্যানেল নির্ধারণের সময় শিক্ষক সমিতির প্যানেলও ঠিক করা হয়েছিল। সে সময়কার সিদ্ধান্ত নুযায়ী সভাপতি প্রার্থী হওয়ার কথা রয়েছে অধ্যাপক আরআই আমিনুর রশীদের, সাধারণ সম্পাদক প্রার্থী হবেন শরীফ উল্লাহ ভূইয়া, কিন্তু সিন্ডিকেট নির্বাচনে নীল দলের প্যানেলের ভোট ছুটে রহস্যজনকভাবে অন্য দলে পড়েছে। এ কারণে দলের পরাজয়ও ঘটেছে। সেই থেকে দলের ভিতরে চলছে বিশ্বাস-অবিশ্বাসের দোলাচল। দলের ভিতর কেউ উদ্যোগ নিয়ে এই সন্দেহ ও দূরত্ব নিরসনে কাজও করছেন না।

এদিকে বিএনপি-জামায়াত সমর্থক শিক্ষক গোষ্ঠীর সাদা দল তাদের প্যানেল চূড়ান্ত করতে পারেনি। তবে তারাও দু'একদিনের মধ্যে প্যানেল চূড়ান্ত করবে বলে জানা গেছে। সাদা দলের সম্ভাব্য সভাপতি প্রার্থী হচ্ছেন অধ্যাপক আ. ফ. ম ইউসুফ হায়দার। সাধারণ সম্পাদক পদে দু'জনের নাম শোনা যাচ্ছে। একজন হচ্ছেন অধ্যাপক নূরুল আমিন বেপারী অন্যজন মোঃ ফেরদৌস হোসেন।

১৮ ডিসেম্বর রাত সাড়ে আটটা পর্যন্ত মনোনয়ন জমা দেয়ার শেষ সময় নির্ধারিত হয়েছে। মনোনয়ন প্রত্যাহারের শেষ সময় ২০ ডিসেম্বর রাত আটটা।